# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ বাজেট অনুবিভাগ-২

বাজেট-২ অনুবিভাগ উন্নয়ন প্রকল্পের বাজেট বরাদ্দের অর্থনৈতিক বিশ্লেষণসহ উন্নয়ন বাজেট প্রণয়ন সংক্রান্ত কাজের সমন্বয় এবং নতুন প্রকল্পের জন্য কোড প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করা হয়ে থাকে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ এবং উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার সম্পর্কে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও পদ্ধতি সম্পর্কে ব্যাখ্যা প্রদান করা হয়ে থাকে। উন্নয়ন প্রকল্পের জন্য বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য অথরাইজেশন জারি সংক্রান্ত কার্যাদি সম্পাদন করে থাকে। পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের ব্যবহার, পুনর্ভরণ পরিবীক্ষণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর সংক্রান্ত কাজ করে থাকে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার বিভিন্ন প্রকল্পের ডিপিপি/টিএপিপি প্রণয়নকালে উন্নয়ন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য গঠিত কমিটির মাধ্যমে সুপারিশ প্রদান করে থাকে। এছাড়া উন্নয়ন বাজেট সংক্রান্ত অন্যান্য কার্যাবলী এ অনুবিভাগ হতে সম্পাদন করা হয়ে থাকে।

**২০২০-২১ অর্থবছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী**

- **উন্নয়ন বাজেট বই প্রণয়নঃ** ২০২০-২১ অর্থবছরের সংশোধিত এবং ২০২১-২২ অর্থবছরের মঞ্জুরি ও বরাদ্দের দাবীসমূহ (উন্নয়ন) বই ও ২০২০-২১ অর্থবছরের সম্পূরক আর্থিক বিবৃতি প্রণয়ন করা হয়েছে।
- মন্ত্রণালয়/বিভাগসমূহের ‘মধ্যমেয়াদি বাজেট কাঠামো পুস্তিকা’ এবং ‘টেকসই উন্নয়নে জলবায়ু অর্থায়ন বাজেট প্রতিবেদন ২০২১’ নামক পুস্তিকা প্রণয়ন করা হয়েছে।
- **এমটিবিএফ এর আওতায় বাজেট প্রণয়নঃ** আর্থিক ব্যবস্থাপনার মান উন্নয়ন এবং প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অধিকতর ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামোর (এমটিবিএফ) আওতায় ২৬টি মন্ত্রণালয়/বিভাগ এর ২০২০-২১ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে।
- **মন্ত্রণালয়সমূহের বাজেট বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণঃ** অনুবিভাগের ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের ২০২০-২১ অর্থবছরের বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হয়েছে। ২৬টি মন্ত্রণালয়/বিভাগের IBAS++ সংস্কার বা রিফর্মের আওতায় বাজেট এক্সিকিউশন এর যথাযথ প্রয়োগ করা হচ্ছে। BIP (Budget Implementation Plan) এর মাধ্যমে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী বাজেট বিভাজন এবং বাস্তবায়ন নিশ্চিত করা হচ্ছে।
- **নতুন প্রকল্পের জনবল নির্ধারণঃ** নতুন প্রকল্পের পদ/জনবল নির্ধারণের জন্য অর্থ বিভাগের অতিরিক্ত সচিব (বাজেট ও সামষ্টিক অর্থনীতি) এর সভাপতিত্বে গঠিত কমিটির মধ্যমে ৩১টি সভায় ১৯৫টি নতুন প্রকল্পের ডিপিপিতে প্রয়োজনীয় পদ/জনবল নির্ধারণের সুপারিশ প্রদান করা হয়েছে।
- **পরিচালন বাজেট থেকে কর্মসূচি গ্রহণঃ** ২০২০-২১ অর্থবছরে বাজেট অনুবিভাগ-২ এর আওতাধীন স্থানীয় সরকার বিভাগ ও কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে ২১টি কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।

- ২০২০-২১ অর্থবছরের বাজেটে মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রকল্প সাহায্য (আরপিএ) খাতের বরাদ্দের বিষয়ে বিশেষ হিসাব খোলার অনুমোদন, বাণিজ্যিক ব্যাংক মনোনয়ন এবং বিশেষ হিসাব থেকে অর্থ ব্যবহারের জন্য বাজেট অথরাইজেশন জারি করা হয়েছে;
- ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের প্রয়োজনীয় ক্ষেত্রে অর্থ ছাড় করা হয়েছে;
- ১৩টি বাজেট শাখার আওতাধীন ২৬টি মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট একনেক, ক্রয় সংক্রান্ত ও অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপিত বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- মন্ত্রণালয়/বিভাগসমূহের আওতাধীন দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের বিভিন্ন ঋণ চুক্তি, বাণিজ্য চুক্তি ও প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পের উপর অর্থ বিভাগের মতামত প্রদান করা হয়েছে;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের নিম্নোক্ত আইন/বিধি/নীতিমালার উপর মতামত প্রদান করা হয়েছেঃ

  ‘ভূমি উন্নয়ন কর আইন, ২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান ' (২) বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন আইন, ২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান ' (৩) বাংলাদেশ পানি সম্পদ অধিদপ্তর আইন, ২০১৯ এর খসড়ার উপর মতামত প্রদান ' (৪) সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান ' (৫) বাংলাদেশ ট্রাভেল এজেন্সী (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা-২০১৪ এর মতামত প্রদান' (৬) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা, ২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান (৭) বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান (৮) সামাজিক দায়বদ্ধতা তহবিল (সংশোধিত) বিধিমালা, ২০২০ এর খসড়ার উপর মতামত প্রদান (৯) বাংলাদেশ কৃষি জিনোমিক্স ইনস্টিটিউট আইন, ২০২০ (১০) মৎস্য আহরোণত্তর পরিচর্যা কেন্দ্র পরিচালনা নির্দেশিকা, ২০২০, (১১) মান নিয়ন্ত্রণ গবেষণাগার নীতিমালা, ২০২০ এর মতামত প্রদান (১২) পল্লী উন্নয়ন একাডেমী, রংপুর-২০২১, শেখ হাসিনা পল্লী উন্নয়ন একাডেমী, জামালপুর-২০২১ আইন এর উপর মতামত।

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের উন্নয়ন প্রকল্পের যানবাহন ক্রয়ের সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি) এর অধীন ২১টি জুট মিলের অবসানকৃত ও অবসরপ্রাপ্ত স্থায়ী শ্রমিকদের পাওনা পরিশোধ করা হয়েছে;
- সোনালী ব্যাংক লি: কর্তৃক বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি) এর অধীন ৬টি জুট মিলের অবসানকৃত ও অবসরপ্রাপ্ত স্থায়ী শ্রমিকদের অনুকূলে ইস্যুকৃত সঞ্চয়পত্রের সমপরিমাণ টাকা পুনর্ভরণ করা হয়েছে;
- ‘২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অগ্রাধিকার নির্ধারণ’ এবং ‘বৈদেশিক মুদ্রা রিজার্ভের একটি অংশ লাভজনক প্রকল্পে বিনিয়োগ সংক্রান্ত তহবিল গঠন’ পরিপত্র জারি করা হয়েছে।